

বাংলাদেশের  
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়  
একাউন্টস এন্ড রিপোর্ট উইং  
অডিট ভবন  
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।  
[www.cag.org.bd](http://www.cag.org.bd)

নং- ৮২.০০.০০০০.০৬২.৯৯.০১৭.১৯-৫০০

তারিখ: ০৫.০৭.২০২৩ খ্রি.

অডিট নির্দেশনা, ০২/২০২৩

মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত অডিট রিপোর্টসমূহ জাতীয় সংসদের অধিবেশনে উপস্থাপিত (Tabled) হয়ে থাকলে রিপোর্টভুক্ত অডিট আপত্তির প্রাণ্ড জবাব সিএজি মহোদয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ অনুমোদিত হলে সুপারিশপত্রের অনুলিপি সিএজি কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সরাসরি জাতীয় সংসদের পিএ কমিটির সচিবকে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে অডিট অধিদপ্তর বরাবর উক্ত নিষ্পত্তির সুপারিশপত্র প্রেরণ করতে হবে এবং এসিএজি (সংসদ) কে অনুলিপি দিতে হবে। এছাড়া সুপারিশকৃত অনুচ্ছেদের বিষয়ে পিএ কমিটি কর্তৃক সভা আহ্বান করা হলে অনুচ্ছেদটি নিষ্পত্তির কারণ ও প্রমাণকসমূহ জাতীয় সংসদের হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিতে উপস্থাপনের নিমিত্ত সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর হতে এ কার্যালয়ের সংসদ শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

২। যে সকল অডিট রিপোর্ট সিএজি মহোদয়ের স্বাক্ষর হয়েছে বা স্বাক্ষরের পর জাতীয় সংসদে উপস্থাপনের প্রক্রিয়াধীন আছে এবং যে সকল অডিট রিপোর্ট সিএজি মহোদয় কর্তৃক অনুমোদিত হয়ে চূড়ান্ত মুদ্রণ সম্পন্ন হয়েছে বা মুদ্রণের অপেক্ষায় আছে, সে সকল অডিট রিপোর্টের অনুচ্ছেদ নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর হতে জবাব প্রাপ্তির পর সিএজি কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে নিষ্পত্তির সুপারিশ/অনিষ্পত্তিপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে এবং এসিএজি (সংসদ) কে অনুলিপি দিতে হবে। তবে এক্ষেত্রে জাতীয় সংসদের পিএ কমিটির সচিবকে অনুলিপি প্রদানের প্রয়োজন নেই। পরবর্তীতে সংশ্লিষ্ট রিপোর্টসমূহ জাতীয় সংসদের অধিবেশনে উপস্থাপিত (Tabled) হলে এবং সুপারিশকৃত অনুচ্ছেদের বিষয়ে পিএ কমিটি কর্তৃক সভা আহ্বান করা হলে উক্ত রিপোর্টভুক্ত অডিট অনুচ্ছেদের বিষয়ে সিএজি কার্যালয় কর্তৃক ইস্যুকৃত নিষ্পত্তির সুপারিশপত্রসহ নিষ্পত্তির কারণ ও প্রমাণকসমূহ জাতীয় সংসদের হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিতে উপস্থাপনের নিমিত্ত সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরকে এ কার্যালয়ের সংসদ শাখায় প্রেরণ করতে হবে।

৩। মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাণ্ড পিএসির বিভিন্ন সময়ে অনুষ্ঠিত অডিট রিপোর্টের উপর সভা/বৈঠকের প্রেরিত/চাহিত অগ্রগতি প্রতিবেদন এবং পিএসি কর্তৃক গঠিত কমিটির তদন্ত/যাচাই প্রতিবেদন সংসদ শাখার মাধ্যমে পিএ কমিটির নিকট উপস্থাপনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর হতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

স্বাক্ষরিত/-  
(মোঃ আহ্সান হাবীব)  
এ্যাডিশনাল ডেপুটি সিএজি (পার্লামেন্ট)  
ফোন : ০২-২২২২১১৯৮

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মহাপরিচালক, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি (PTST) অডিট/ পরিবহন অডিট/ কৃষি ও পরিবেশ অডিট/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট/ আইটি ও জনসেবা অডিট/ রাজস্ব অডিট/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/ মিশন অডিট / সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/ সামাজিক নিরাপত্তা অডিট/ স্বাস্থ্য অডিট / বাণিজ্যিক অডিট/ শিক্ষা অডিট/ সিভিল অডিট/ বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর/ প্রতিরক্ষা অডিট/ পূর্ত অডিট অধিদপ্তর ঢাকা।
- এসিস্ট্যান্ট সিএজি (রিপোর্ট-১/ রিপোর্ট-২/ হিসাব/ পার্লামেন্ট), সিএজি কার্যালয়, ঢাকা।

নং- ৮২.০০.০০০০.০৬২.৯৯.০১৭.১৯-৫০০

তারিখ: ০৫.০৭.২০২৩ খ্রি

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

১. এ্যাডিশনাল ডেপুটি সিএজি (প্রশাসন/ একিউএসি/ পার্সোনেল/ পদ্ধতি/সংসদ), সিএজি কার্যালয়, ঢাকা।
২. পরিচালক (এমআইএস) সিএজি কার্যালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৩. পরিচালক (আরএন্ডডি), সিএজি কার্যালয়, ঢাকা।
৪. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
৫. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা (রিপোর্ট-১/রিপোর্ট-২/হিসাব/পার্লামেন্ট), সিএজি কার্যালয়, ঢাকা।
৬. পিএস টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়, অডিট ভবন, ঢাকা।
৭. পিএটু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর/পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
৮. অফিস কপি।

R. ০৫০৭।২৬

(মো: মনিরুজ্জামান)

নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা  
একাউন্টস এন্ড রিপোর্ট উইং (প্রশাসন)